


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




রোববার | ২৭ ফেব্রুয়ারি ২০২২ | www.edainikazadi.net রেজিঃ নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ১৭৩ সংখ্যা | ১৪ ফাল্গুন ১৪২৮ সাল | ২৫ রজব ১৪৪৩ হিজিরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা*

## প্রিমিয়ার ভার্সিটিতে বিতর্ক উৎসবের সমাপনী

# যুক্তিই হলো বিতর্কের ভিত্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটির ডিবেটিং সোসাইটির (পিইউডিএস) উদ্যোগে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ২৮টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ১৮টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ২৪ টি স্কুল অংশগ্রহণ করে। গতকাল শনিবার সকাল থেকে ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান সম্পন্ন হয়। চূড়ান্ত পর্ব উদ্বোধন করে ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ চ্যাম্পিয়ন এবং মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় ও কলেজ রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ধানমন্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং হবিগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয় রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও প্রক্টর আহমদ রাজিব চৌধুরী। পিইউডিএসএর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ড. অনুপম সেন বলেন, যুক্তিই হলো বিতর্কের ভিত্তি। তিনি বলেন, সভ্যতার অগ্রগতিতে সাহিত্য ও সঙ্গীতের মতো বিতর্কেরও ভূমিকা রয়েছে। তিনি বলেন যুক্তিই হলো বিতর্কের ভিত্তি। স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি সৌমেন সরকার ও সাধারণ সম্পাদক আততিহারুল কবির তিহার। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 27 February 2022, Page: 3, Col: 6
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-02-27

চট্টগ্রাম রবিবার ২৭ ফেব্রুয়ারি ২০২২

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৭তম বর্ষ ১৭তম সংখ্যা । । ১৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ । । ২৫ রজব ১৪৪৩ হিজরি । । Sunday 27 February 2022 । । ১২ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

cleanzy Formulations Ltd.
ক্লিনজি হ্যান্ড ওয়াস
Now Available @ daraz
Hotline : +8801962555444
www.cleanzybd.com




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা*

## *প্রিমিয়ার ভার্সিটিতে বিতর্ক উৎসবের সমাপনী*

# যুক্তিই হলো বিতর্কের ভিত্তি : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)'র উদ্যোগে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ২৮টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ১৮টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি স্কুল অংশগ্রহণ করে। গতকাল শনিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্ব উদ্বোধন করে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ চ্যাম্পিয়ন এবং মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় ও কলেজ রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ধানমণ্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং হবিগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয় রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও প্রক্টর আহমদ রাজিব চৌধুরী। পিইউডিএস চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, যুক্তিই হলো বিতর্কের ভিত্তি।

সভ্যতার অগ্রগতিতে সাহিত্য ও সঙ্গীতের মতো বিতর্কেরও ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, মডারেটর সঞ্জয় বিশ্বাস, মডারেটর হিল্লোল সাহা, মডারেটর নিলুফার সুলতানা, মডারেটর সাইফুদ্দিন মুন্না ও মডারেটর নুসরাত শারমিন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 23 February 2022, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-02-27

রবিবার
চট্টগ্রাম
২৭ ফেব্রুয়ারি ২০২২
১৪ ফাল্গুন ১৪২৮
২৫ রজব ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-৭৬

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh



দেশে করোনা সংক্রমণ উদ্বেগজনক।
বাঁচতে হলে মাস্ক পরিধান করুন।

| ▶ শুভ সকাল | ▶ দশ কথার এক কথা | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ▶ চট্টগ্রামে শনাক্ত | মৃত্যু | ▶ শেষ পাতায় |
|---|---|---|---|---|---|
| টিকার প্রথম ডোজ বন্ধ হচ্ছে না গণটিকা চলবে আরও দুদিন | নির্বাচন গ্রহণযোগ্য করতে না পারলে মনোবেদনা থাকবে : নতুন সিইসি | www.dailypurbodesh.com ৮ পৃষ্ঠা \| ৬ টাকা | ১,২৬,৩৫৭ | ১,৩৬২ | নামজারি ব্যবস্থাপনা নিয়মিত ট্র্যাকিং হচ্ছে : ভূমিমন্ত্রী |




পিইউডিএস বিতর্ক উৎসবের সমাপনীতে ড. অনুপম সেন ও অন্যরা

# যুক্তিই হলো বিতর্কের ভিত্তি : অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির (পিইউডিএস) উদ্যোগে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ২৮টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ১৮-টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি স্কুল অংশগ্রহণ করে। ২৬ ফেব্রুয়ারি সকাল থেকে দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্ব উদ্বোধন করে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ চ্যাম্পিয়ন এবং মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় ও কলেজ রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ধানমণ্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং হবিগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয় রানার আপ হয়।

পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও প্রক্টর আহমদ রাজিব চৌধুরী। পিইউডিএস এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন উল্লেখ করেন, যুক্তিই হলো বিতর্কের ভিত্তি। সভ্যতার অগ্রগতিতে সাহিত্য ও সঙ্গীতের মতো বিতর্কেরও ভূমিকা রয়েছে। বিশেষভাবে বলতে গেলে, বিতর্কের ভূমিকাই বড়ো। সক্রেটিস ও প্লেটোসহ বিশ্ববিখ্যাত অনেক দার্শনিক জ্ঞানকে এগিয়ে নিয়ে গেছেন দর্শনের মাধ্যমে, যার ভিত্তি হলো যুক্তি।

স্বাগত বক্তব্য দেন পিইউডিএস এর সভাপতি সৌমেন সরকার ও সাধারণ সম্পাদক আততিহারুল কবির তিহার। উপস্থিত ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, মডারেটর সঞ্জয় বিশ্বাস, মডারেটর হিল্লোল সাহা, মডারেটর নিলুফার সুলতানা, মডারেটর সাইফুদ্দিন মুন্না ও মডারেটর নুসরাত শারমিন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 23 February 2022, Page: 3, Col: 5
https://epurbodesh.com/index.php?date=27-02-2022&page=3

চট্টগ্রাম • রোববার • ২৭ ফেব্রুয়ারি ২০২২ • ১৪ ফাল্গুন ১৪২৮ • ২৫ রজব ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ১৯০ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
যুক্তিই হলো বিতর্কের ভিত্তি ৩

সংবাদ ৪
মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নে আইনজীবীদের ভূমিকা রয়েছে



দেশগ্রাম ৫
মাতামুহুরীর তরছ ঘাটায় হচ্ছে পাকা সেতু

বিনোদন
৬ ইউক্রেনের নিরীহ মানুষকে সহায়তার অনুরোধ প্রিয়াঙ্কার






প্রিমিয়ার ইউনিভার্সিটিতে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা

# যুক্তিই হলো বিতর্কের ভিত্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর উদ্যোগে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে।

এই উৎসবে আন্তবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ২৮টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ১৮টি কলেজ ও আন্তস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি স্কুল অংশগ্রহণ করে।

২৬ ফেব্রুয়ারি সকাল থেকে দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়ার কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্ব উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। চূড়ান্ত পর্বে আন্তবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ চ্যাম্পিয়ন এবং মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় ও কলেজ রানার আপ হয়।

আন্তস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ধানমন্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং হবিগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয় রানার আপ হয়।

পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও প্রক্টর আহমদ রাজিব চৌধুরী। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন উল্লেখ করেন, যুক্তিই হলো বিতর্কের ভিত্তি। তিনি বলেন, সভ্যতার অগ্রগতিতে সাহিত্য ও সঙ্গীতের মতো বিতর্কেরও ভূমিকা

**নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে ড. অনুপম সেন**

রয়েছে। বিশেষভাবে বলতে গেলে, বিতর্কের ভূমিকাই বড়ো। সক্রেটিস ও প্লেটোসহ বিশ্ববিখ্যাত অনেক দার্শনিক জ্ঞানকে এগিয়ে নিয়ে গেছেন দর্শনের মাধ্যমে, যার ভিত্তি হলো যুক্তি।

ড. সেন আরও বলেন, প্লেটোর মুখ্য রচনাগুলো, যেমন, রিপাবলিক, সিম্পোজিয়াম ইত্যাদি ডায়ালগে একজনের বক্তব্য খন্ডন করছেন আরেকজন ডায়ালগের মধ্য দিয়ে। প্লেটোর এইসব ডায়ালগের মুখ্য বক্তা বা তার্কিক-তাত্ত্বিক হলেন সক্রেটিস।

বিশেষ অতিথির বক্তব্যে রেজিস্ট্রার খুরশিদুর রহমান বলেন, একাডেমিক শিক্ষার পাশাপাশি বিতর্ক হলো সহশিক্ষা।

এই সহশিক্ষা ব্যক্তিকে দক্ষ, অভিজ্ঞ, আত্মবিশ্বাসি ও নৈতিক করে তুলতে সহায়তা করে। ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক বলেন, প্রতিষ্ঠার পর থেকে পিইউডিএস-এর অর্জন অনেক। আন্তর্জাতিক অর্জনও রয়েছে এই সংগঠনের, যা প্রিমিয়ার ইউনিভার্সিটির সুনাম বৃদ্ধি করেছে।

গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির বলেন, জেনারেল এডুকেশনের অনেকাংশ জুড়েই রয়েছে বিতর্কচর্চা, সহশিক্ষা হিসেবে যা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান বলেন, বিতর্ক অসাধারণ একটি শিল্পমাধ্যম। সমাজকে গঠন ও উন্নত করতে বিতর্কের বিকল্প নেই। স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি সৌমেন সরকার ও সাধারণ সম্পাদক আততিহারুল কবির তিহার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, মডারেটর সঞ্জয় বিশ্বাস, মডারেটর হিল্লোল সাহা, মডারেটর নিলুফার সুলতানা, মডারেটর সাইফুদ্দিন মুন্না ও মডারেটর নুসরাত শারমিন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 27 February 2022, Page: 3, Col: 1
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-02-27